The Economic Times 24 JAN 2005

জনমুখী না চিনের পথে, ভাবনা কংগ্রেসে

নয়াদিল্লি, ২২ জানুয়ারি: ভারতের আর্থিক বৃদ্ধিকে আগামী দিনে বেনজির মাত্রায় নিয়ে যেতে চিনা মডেল অনুকরণের কথা বলেছেন প্রধানমন্ত্রী মনমোহন সিংহ। এই স্বপ্নপূরণের পথে সব বাধা সরিয়ে দিতে যাবতীয় সাহায্যের প্রতিশ্রুতিও তিনি দিয়েছেন।

স্কোপ-ফিকি-সি আই আই আয়োজিত ভারতীয় সংস্থাগুলির শীর্ষ কর্তাদের সম্মেলনের উদ্বোধন করে প্রধানমন্ত্রী যখন ওই প্রতিশ্রুতি দিচ্ছেন, তার কাছাকাছি সময়েই তাঁর অর্থমন্ত্রী চিদম্বরম কংগ্রেস নেতাদের কাছ থেকে শুনছেন, বাজেট প্রস্তাবকে ঠিক কী ভাবে সাজালে তা সাধারণ মানুষের মন রাখতে পারবে। এবং একই দিনে চিদম্বরমের উচ্চারণ, ২০০৫-০৬ সালের বাজেট প্রস্তাব জোর দেবে কৃষিতে উন্নয়ন ও কর্মসংস্থানের উপরে। এবং জোর থাকবে অভিন্ন কর্মসূচি রূপায়ণে।

ইউ পি এ চেয়ারপার্সন সনিয়া গাঁধী এবং প্রধানমন্ত্রী মনমোহন সিংহের নির্দেশেই অর্থমন্ত্রী কী ভাবে বাজেট করলে তা সাধারণ মানুষকে খুশি করতে পারে, কংগ্রেস সদস্যদের সঙ্গে আজ তার কৌশল নির্ধারণ করতে বসেন। বৈঠক শেষে তিনি বলেন, কংগ্রেস নেতাদের মধ্যে যে ব্যাপারগুলিতে ঐকমত্য রয়েছে, সেই জায়গাগুলিকে ধরেই বাজেট প্রস্তাব তৈরি করা হবে। কৃষি, কর্মসংস্থান এবং স্বাস্থ্যের মতো ছ'-সাতটি বিষয়ে এই বাজেটে জোর দেওয়া হবে বলে তিনি স্পষ্ট জানিয়ে দেন।

চিদম্বরম যখন বাজেট জনদরদি করে তোলার কৌশল ভাঁজছেন, ঠিক তখনই অবশ্য মনমোহন উচ্চারণ করছেন বৃদ্ধির রাস্তায় হাঁটতে এমন এক মডেলের কথা, যে মডেলে বিদেশি বিনিয়োগ টানার ব্যাপারে কোনও রাজনৈতিক বিরোধিতার অবকাশ নেই। এমনকী সরকার নির্ধারিত পথে হাঁটতে অস্বীকার করারও উপায় নেই সংশ্লিষ্ট মহলের। তাঁর প্রতিশ্রুতি, রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির কাজে হস্তক্ষেপ করা হবে না। এবং ভারতীয় সংস্থাগুলিকে বহুজাতিক হয়ে ওঠার পথে সম্ভাব্য সব রকম সাহায্য এবং উৎসাহ দেবে সরকার।

২০০৫-০৬ সালের জন্য কেন্দ্রীয় বাজেট পেশ হবে ২৮ ফেব্রুয়ারি। বাজেট নিয়ে বৈঠক প্রসঙ্গে চিদম্বরম বলেন, "এই আলোচনা গুরুত্বপূর্ণ। সাধারণ মানুষ কী ভাবেন, কী চান, তার একটি প্রতিফলন মেলে কংগ্রেস নেতাদের কথায়। এর ফলে বাজেটে অগ্রাধিকারের বিষয়গুলি স্থির করতে সুবিধা হয়। আমি ওই নেতাদের কথা দিয়েছি, ২৮ ফেব্রুয়ারি যখন সংসদে বাজেট পেশ করা হবে, তাতে তাঁদের মতামতের প্রতিফলন অবশ্যই থাকবে।" তিনি জানান, ইউ পি এ সরকারের অভিন্ন ন্যূনতম কর্মসূচিতে কৃষি, স্বাস্থ্য, কর্মসংস্থান এবং শিক্ষা প্রকল্পের উপরে যে জোর দেওয়া হয়েছে, বাজেটেও তা যথাযথ ভাবে প্রতিফলিত হবে। কাজের বদলে খাদ্য এবং কর্মসংস্থান সুনিশ্চিত করার প্রকল্প দ্রুত রূপায়িত করারও প্রতিশ্রুতি দিয়েছেন অর্থমন্ত্রী।

বৈঠকে কংগ্রেস নেতারা বেকারি এবং মুদ্রাস্ফীতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। অম্বিকা সোনি বলেন, "বাজেটে অভিন্ন ন্যূনতম কর্মসূচির প্রতিফলন অবশ্যই থাকা দরকার। আপামর মানুষ যেন সেটা বুঝতে পারেন।" ব্যাঙ্ক ঋণ শোধ করতে না-পেরে গরিব কৃষকদের আত্মহত্যার ঘটনা তুলে ধরেন সোনি। তাঁর মতে, ব্যাঙ্কগুলির অনুৎপাদক সম্পদ ক্রমশ বাড়ছে, কারণ ধনী শিল্পপতিরা ঋণ শোধ করছেন না। —পি টি আই

ANADABAZAR PATRIKA 23 JAN 2005



Adhir Chowdhury presenting a memorandum to Prime Minister Manmohan Singh in the presence of Priya Ranjan Das Munshi (extreme left) and Somen Mitra (seated).

Pressure on Adhir to withdraw resignation

HT Correspondent
Kolkata, January 20

PRESSURE IS mounting on MP Adhir Chowdhury to rethink his decision with state Congress president and Union defence minister Pranab Mukherjee refusing to accept his resignation as the president of the Murshidabad district Congress committee. And, going by indications, it may take Chowdhury some more time to take back his letter.

Chowdhury had faxed his resignation letter on the evening of January 18 to state party chief Pranab Mukherjee, but heard nothing from Delhi after that. However, Mukherjee called him this morning to discuss his programmes in Jangipur, in Murshidabad, on January 22 and January 23. The resignation issue hadn't been raised, Chowdhury said.

"I received telephone calls from Priya Ranjan Das Munshi and Somen Mitra, asking me to withdraw my resignation. Today Pranab Mukherjee called and spoke about the party programme and did not for once mention my resignation. Since I have not been informed in writing I can only say that my resignation has not been accepted till now," Chowdhury told *Hindustan Times*.

Meanwhile, Pradesh Congress Committee leaders were not willing to comment on the matter, leaving it to be dealt with solely by Pranab Mukherjee. "Adhir Chowdhury is Pranabbabu's blue-eyed boy. So it is unlikely that the resignation drama will take a bad turn," one senior PCC leader ventured to say.

They did concede that Mukherjee's victory from Jangipur had been possible largely because of Chowdhury's organizational skills. And, with municipal polls coming up in a few months' time, they felt it was unlikely that Adhir would be replaced as the Murshidabad district president.

Will Chowdhury abide by the decision of the PCC chief? He says he will. "I have resigned because of reasons that I feel must be removed to prevent the CPI(M) from gaining advantage here. Pranab Mukherjee gave me a free hand but the troublemakers continued to play foul. So I had no option but to resign," he said. "My return would mean the end of such elements," he added.

THE HINDUSTAN TIMES 21 JAN 2005

অধীরের ইস্তফা নিতে নারাজ প্রণব, অতীশের বিরুদ্ধে ক্ষোভের সুর চড়ছে

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, বহরমপুর ও কলকাতা: শেষ মুহূর্তে অঘটন না-ঘটলে মুর্শিদাবাদ জেলা সভাপতি-পদে থাকছেন অধীর চৌধুরীই। প্রতিরক্ষামন্ত্রী তথা প্রদেশ কংগ্রেস সভাপতি প্রণব মুখোপাধ্যায় অধীরের পদত্যাগের চিঠি এখনও গ্রহণ করেননি। গ্রহণ করা হবে কিনা, তা নিয়ে প্রকাশ্যে মুখও খোলেননি। তবে ঘনিষ্ঠ মহলে ইঙ্গিত দিয়েছেন, অধীরের ইস্তফা নেওয়া হবে না।

অধীরের ইস্তফা নিয়ে গোটা মুর্শিদাবাদ ও প্রদেশ কংগ্রেসে ব্যাপক আলোড়ন পড়েছে। বুধবার সকাল থেকে দলে দলে কংগ্রেস নেতা-কর্মীরা অধীরের বাড়িতে ভিড় করেন। অনেকে 'আমরণ অনশন' ও 'আত্মাহুতি'র হুমকিও দেন। অধীরকে অবশ্য টলানো যায়নি। তিনি বলেছেন, "আবেগতাড়িত হয়ে কোনও সিদ্ধান্ত নিইনি। ইস্তফা তুলে নেওয়ার কথাও ভাবছি না।" অনুনয়-অনুরোধ তবুও বাড়ছে দেখে বাড়ি থেকে অনুগামীদের কার্যত এড়িয়ে জেলা কংগ্রেস দফতরে চলে আসেন তিনি। সেখানেও তাঁর সঙ্গে ভিড় করে দেখা করতে আসেন দূরদূরান্তের কংগ্রেস নেতা-কর্মীরা। তাঁদের নিয়ে অধীর বেরিয়ে পড়েন গোটা শহর ঘুরে 'সুনামি'-র জন্য ত্রাণ সংগ্রহ করতে। ত্রাণ নিয়ে ফিরে এসে তিনি ঘোষণা করেন, প্রধানমন্ত্রীর সুনামি ত্রাণ তহবিলে নিজের সাংসদ এলাকা উন্নয়ন কোটা থেকে টাকা দেবেন।

এর মধ্যেই মুর্শিদাবাদের জেলা পরিষদের সভাধিপতি সিদ্দিকা বেগম জানিয়ে দেন, ২৩ জানুয়ারির মধ্যে অধীরকে জেলা সভাপতি-পদে আবার না-বসালে তাঁরা গণ-ইস্তফা দেবেন। একই কথা জানিয়েছেন মুর্শিদাবাদের বহরমপুর-সহ পাঁচটি পুরসভার চেয়ারম্যান ও জেলার কংগ্রেস বিধায়কদের একাংশও।

অন্য দিকে, নদিয়া জেলা কংগ্রেস সভাপতি তথা বিধায়ক শঙ্কর সিংহ বলেছেন, পরিষদীয় দল নেতা অতীশ সিংহের কার্যকলাপে তাঁরা খুশি নন। অতীশবাবু যে সব মন্তব্য করছেন, তাতে তাঁর পরিষদীয় দলনেতা থাকার নৈতিক অধিকার নিয়ে প্রশ্ন উঠছে। প্রদেশ সভাপতিকে শঙ্কর চিঠি লিখে জানাবেন অবিলম্বে পরিষদীয় দলের বৈঠক ডেকে সেখানে বিষয়টি নিয়ে আলোচনা করতে।

শঙ্করের সঙ্গে সুর মিলিয়ে অতীশবাবুর ভূমিকায় ক্ষোভ প্রকাশ করেছেন অপর বিধায়ক আব্দুল মান্নানও। তিনি বলেন, "গত পঞ্চায়েত ও লোকসভা নির্বাচনের সময়ে আমাদের পরিষদীয় নেতাকে তো মুর্শিদাবাদে দেখা যায়নি! সংগ্রামের সময়ে কলকাতায় বসে রইলেন। আর অধীররা সাফল্য এনে দেওয়ার পর হৃত সম্মান ফেরানোর জন্য কোমর বেঁধে মাঠে নামলেন!"

যে ভাবে কংগ্রেসেরই একাংশ অধীরকে উত্যক্ত করছে, তাতে প্রণববাবুও অখুশি। এ দিন নয়াদিল্লির সাউথ ব্লকে তাঁর দফতরে বসে প্রণববাবু বলেন, "এটা একটা বিশ্রী ঘটনা!" তাঁর আক্ষেপ, "বেশ চলছিল জেলাটা।" অধীরের ইস্তফা কি তিনি গ্রহণ করছেন? প্রণববাবুর জবাব, "আপনারা যা খুশি লিখতে পারেন। আমি কোনও মন্তব্য করব না।" প্রাক্তন প্রদেশ সভাপতি সোমেন মিত্র অধীরকে ইস্তফা ফেরাতে অনুরোধ করেছেন। বলেছেন, প্রয়োজনে তিনি নিজে অধীরের সঙ্গে কথা বলবেন। সেই প্রসঙ্গে প্রদেশ সভাপতির সংক্ষিপ্ত প্রতিক্রিয়া, "এটা আত্মকৃত ব্যাধি!" শুক্রবার কলকাতা যাচ্ছেন প্রণববাবু। ২২, ২৩ তারিখ কাটাবেন মুর্শিদাবাদে। জেলায় গিয়ে বিভিন্ন নেতার সঙ্গে কথা বলে সমস্যা মেটানোর চেষ্টা করবেন। তাই জেলা সফরের আগে অধীরের ইস্তফা নিয়ে কোনও কথা বলতে চাইছেন না প্রণববাবু।

তবে দলের অপর নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী প্রিয়রঞ্জন দাশমুন্সি এ দিন জানিয়েছেন, মুর্শিদাবাদ নিয়ে দলে যে সঙ্কটের সৃষ্টি হয়েছে, তা নিয়ে প্রয়োজনে কংগ্রেস সভানেত্রী সনিয়া গাঁধীর সঙ্গে তিনি কথা বলবেন। তবে ৩ ফেব্রুয়ারির পর। কলকাতায় প্রিয়বাবু বলেন, "তিন রাজ্যে বিধানসভা ভোট ৩ ফেব্রুয়ারি। তার আগে এ নিয়ে সভানেত্রীকে বিব্রত করতে চাই না। কিন্তু প্রদেশ কংগ্রেসে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে তা সভানেত্রীকে জানানো দরকার।" প্রকাশ্যে বিস্তারিত না বললেও ঘনিষ্ঠ মহলে প্রিয়বাবু বিরক্তি চেপে রাখেননি।

অধীরের ইস্তফার মূলে দলের কয়েক জন শীর্ষ নেতার উস্কানিকেই দায়ী করেছেন প্রিয়বাবু। গত লোকসভা নির্বাচনে সাফল্যের পরেই দলের কিছু নেতা অধীরকে সরাতে তৎপর হয়েছিলেন এবং শেষ পর্যন্ত কেন তিনি পদত্যাগ করতে বাধ্য হলেন, তা বিস্তারিত ভাবে প্রিয়বাবুকে জানিয়েছেন অধীর। বিশেষত ভাগীরথী দুগ্ধ সমবায় প্রকল্পের পরিচালন সমিতির নির্বাচনের দিন কংগ্রেস অফিস লক্ষ করে গুলি চালনার ঘটনা জানার পরেও প্রদেশ কংগ্রেস সভাপতি প্রণববাবু কোনও ব্যবস্থা না নেওয়ায় তাঁর অভিমানের কথাও প্রিয়বাবুর কাছে গোপন করেননি অধীর।

ইংরেজি ইস্তফাপত্রের প্রতিলিপি অম্বিকা সোনির কাছেও পাঠিয়েছেন অধীর। কংগ্রেস সূত্রে বলা হচ্ছে, বিষয়টি যাতে দ্রুত সনিয়ার কাছে পৌঁছোয়, তা নিশ্চিত করতেই অধীর এ কাজ করেছেন। চিঠিতে অধীর একাধারে ফিরিস্তি দিয়েছেন তাঁর এ যাবৎ সমস্ত সাফল্যের। তাঁর জেলা থেকে রেকর্ড সময়ের মধ্যে তিন সাংসদ (তার মধ্যে এক জন প্রণববাবু নিজে) জিতেছেন। প্রায় তিন দশক পরে জেলা পরিষদ ফিরিয়ে দিয়েছেন কংগ্রেসকে। সাত জন বিধায়ক এনে দিয়েছেন। ভাগীরথী দুগ্ধ প্রকল্পের সমবায় নির্বাচন জিতেছেন। বহরমপুর পুরসভায় অনাস্থা প্রস্তাবও শেষ পর্যন্ত খারিজ হয়ে গিয়েছে।

ইস্তফাপত্রে অধীরের আরও অভিযোগ, কিছু কংগ্রেস নেতা সিপিএমের সঙ্গে হাত মিলিয়ে তাঁকে অপদস্থ করছেন। রাজনৈতিক আক্রমণের পাশাপাশি তাঁর ব্যক্তিগত জীবন ও চরিত্র নিয়েও কথা উঠছে। তিনি যে কংগ্রেস নেতাদের দেওয়া কর্তৃত্ব নিয়েই কাজ করছিলেন, তাও লিখতে ভোলেননি অধীর।

ANADABAZAR PATRIKA

THE STATESMAN
20 JAN 2005
Sodnagya/104/2005

CEC raps misuse of Banerjee report

SNS & PTI

RANCHI, Jan. 19. — The Election Commission has taken strong exception to the political usage of the UC Banerjee Committee's report on Godhra train fire by some political parties.

Chief Election Commissioner Mr TS Krishnamurthy told reporters on the concluding day of his two-day visit to Jharkhand that it was unfortunate that some political parties were using the report to gain political mileage and if this continues then appropriate action would be taken. The political parties according to Mr Krishnamurthy should concentrate on election governance and adhere to democratic practices rather than target rivals by means of personal vendetta and acrimony. He said that he was yet to go through the report and hence was not in a position to comment on the timing of the report.

Polling in Jharkhand will be held in three phases. The first phase, on 3 February, will be held in 24 constituencies across seven districts. The second phase of polling will be held on 15 February in 29 constituencies covering seven more districts. The last phase would be held on 23 February in 28 constituencies covering eight districts. Jharkhand has a total electorate of 1.63 crore with 17,062 polling stations.

On the killing of CPI-ML (Liberation) legislator Mahendra Singh, Mr Krishnamurthy said the state government's request to transfer Giridih SP, Mr Deepak Verma, has been granted by the EC.

It may be recalled that the SP has been under fire following the MLA's murder and has been accused of having played a role in the murder. The EC also allowed the transfer of some SHOs.

On complaints about the defacement of private property during election campaigns, Mr Krishnamurthy said that private property cannot be used and appropriate action would be taken against those found guilty. He also said that he was not in favour of flags of political parties fixed on two and four wheelers and it amounts to violation of code of conduct.

Gimmick, says Paswan; VHP to move 'people's court'

NEW DELHI, Jan. 19. — Taking a dig at Mr Lalu Prasad, LJP president Mr Ram Vilas Paswan today said the report of the Banerjee committee was a gimmick and would only distance Muslims from the RJD. "Lalu Prasad is trying to be a martyr without doing anything for Muslims. Everyone knows who are responsible for it. Only he knows why a new committee was appointed," Mr Paswan said here today. Mr Paswan predicted a polarisation of minority votes in favour of the LJP-Congress alliance in Bihar, giving the combine an edge over the RJD. The LJP chief also reminded the electorate that it was he who had resigned from the NDA government in the aftermath of the Gujarat riots.

VHP leader Mr Praveen Togadia said in Indore today that the VHP would take the UC Banerjee Committee report to the "people's court" and expose the blatant flaying of rules by the railway minister and the Congress. "It appears that before finalising the probe, the retired Justice has watched the burnt coach through Yadav's spectacles as he was unable to notice the stone-pelting marks on the coach and arrived at a conclusion that it was set on fire from within the coach and not outside," Mr Togadia alleged. "Various probes conducted so far in this regard have not yet stated that the fire was started from inside the coach and this is the first report which has arrived at such a conclusion without consulting any of the police officers and forensic experts involved with the earlier probes," Mr Togadia said. Nobody, so far, has challenged the contents of the forensic report, he added.— PTI

BJP sees CPM hand

Statesman News Service

KOLKATA, Jan. 19. — The West Bengal unit of the BJP charged today that the Banerjee committee report was the outcome of a conspiracy hatched by Mr Lalu Prasad and the CPI-M. "The CPI-M's hand in the whole episode is clear. It wanted to bail Mr Prasad out of the mess he has created in Bihar and also reap benefits from the Assembly elections there. It won't be wrong to suspect that the CPI-M sought to exploit the relationship between the Speaker, Mr Somnath Chatterjee, and Justice UC Banerjee," Mr Rahul Sinha, BJP state general secretary said.

No rail fare hike?

NEW DELHI, Jan. 19. — Another populist railway budget is on the cards, say observers. With railway minister Mr Lalu Prasad instructing the ministry to produce a budget without increasing passenger fares, the railway budget, due late next month, is likely to be shaped with the Bihar polls in mind. Mr Prasad, sources said, is also not keen on raising passenger fares for upper classes. — SNS



File photograph of the burnt S-6 coach. — AFP

Canvas of S-7 coach was changed: forensic official

AHMEDABAD, Jan. 19. — A senior official of Gujarat's Directorate of Forensic Sciences today told the Godhra Commission, probing the Sabarmati Express train carnage and the post-Godhra riots, that during his investigation of the S-7 coach, he had noticed that the canvas of the vestibule had been changed.

The Gujarat Police have been claiming that the accused persons had torn open the rubber vestibule of the S-7 coach, entered the S-6 coach and set it ablaze after dousing it with petrol.

During his cross-examination by advocate Mr Mukul Sinha, before the commission comprising Mr Justice (retd) GT Nanavati and Mr Justice (retd) KG Shah, Mr SG Khandelwal, an assistant director of DFS, said that during his investigation of the S-7 coach in July 2002 he had noticed that the canvas of the vestibule had been changed. "I did inspect the vestibule and noticed that the canvas was a new one. It had been put in place of the old one that had been burnt," he told the commission.

On being asked if he had enquired about what had happened to the original piece of canvas and if any sample was taken, Mr Khandelwal replied in the negative.

The cross-examination of Mr Khandelwal and another DFS official also revealed that they were not briefed about what they were going to inspect (the burnt coaches) and that there was no specific department for studying burn patterns. — PTI

অধীরের ইস্তফা জেলা সভাপতির পদ থেকে

স্টাফ রিপোর্টার, বহরমপুর ও কলকাতা: জেলা কংগ্রেস সভাপতি পদ থেকে ইস্তফা দিলেন বহরমপুরের সাংসদ অধীর চৌধুরী।

মঙ্গলবার সন্ধ্যায় প্রদেশ কংগ্রেস সভাপতি প্রণব মুখোপাধ্যায়ের কাছে এক ফ্যাক্স বার্তায় অধীর তাঁর ইস্তফাপত্রটি পাঠিয়ে দিয়েছেন। তারপরে ফোনেও একই কথা তিনি প্রণববাবুকে জানিয়ে দিয়েছেন। ইস্তফাপত্রে অধীর লিখেছেন, "আমাকে নিয়ে বিতর্ক হচ্ছে। অনেক লোক আমার ইস্তফা চাইছেন। তাই আমি জেলা কংগ্রেস সভাপতির পদ থেকে পদত্যাগ করছি। আমার চেয়ে যোগ্যতর লোককে বসিয়ে আপনি জেলা কংগ্রেসকে শক্তিশালী করুন। আমি নতুন সভাপতির সঙ্গে সহযোগিতা করব।" অধীর রাতে বলেন, "আমি সম্মান নিয়ে থাকতে চাই। আগে ইস্তফা দিলে বিরোধীরা বলত, ভাগীরথী দুগ্ধ সমবায় আর বহরমপুর পুরসভায় সঙ্কটের সময় পালালাম। কংগ্রেসকে সঙ্কট কাটিয়ে দেওয়ার পরেই আমি তাই ইস্তফা দিয়েছি। এ ভাবে পদে পদে অসম্মানিত হয়ে আমার পক্ষে সভাপতি থাকা অসম্ভব।"

প্রত্যাশিত ভাবেই অধীরের ইস্তফার খবরে প্রদেশ কংগ্রেস মহলে সাড়া পড়েছে। নদিয়ার জেলা কংগ্রেস সভাপতি বিধায়ক শঙ্কর সিংহ (তাঁর বিরুদ্ধেও অধীরের মতোই জেলায় বিক্ষুব্ধ মঞ্চ গঠিত হয়েছে) রাতে সরাসরি বলেছেন, "সি পি এমের বিরুদ্ধে লড়ে জেলায় সংগঠন তৈরি করে লড়তে গিয়ে ওকে নিজের দলের লোকের কাছেই অপমানিত হতে হচ্ছে। অধীরের এই ইস্তফা দুর্ভাগ্যজনক। অবস্থা যে দিকে যাচ্ছে, তাতে এ বার তো আমাদেরও এমন কিছুই ভাবতে হবে!"

দলের অপর বিধায়ক আব্দুল মান্নান বলেন, "অধীর হয়তো আবেগতাড়িত হয়ে এটা করল। তবে ইস্তফা দিয়ে সমস্যার সমাধান হবে না। প্রণববাবু যখন উদ্যোগী হয়েছেন, সমস্যা নিশ্চয়ই মিটে যাবে।" এ দিন রাতে প্রণববাবু নিজে এ বিষয়ে কোনও মন্তব্য করতে চাননি। তবে জানুয়ারির শেষের দিকে প্রণববাবুর মুর্শিদাবাদে যাওয়ার কথা আছে। সেই সফর এখনও বহাল রয়েছে। কংগ্রেস সূত্রের খবর, প্রদেশ সভাপতি তার আগে নিজে একবার অধীরকে বোঝানোর চেষ্টা করবেন।

কংগ্রেসের পরিষদীয় দলনেতা অতীশ সিংহের বকলমে যাঁর সঙ্গে অধীরের গত কয়েকমাস ধরে লড়াই চলছিল, প্রদেশ কংগ্রেসের সেই প্রাক্তন সভাপতি সোমেন মিত্র স্পষ্টতই অধীরের ইস্তফার খবরে হতবাক। সোমেনবাবু বলেন, "এটা অত্যন্ত দুঃখজনক ঘটনা। দলের কথা ভেবে অধীরের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করা উচিত। এটা তো কোনও ব্যক্তির ব্যাপার নয়! দলের বিষয়। মান অভিমানেরও ব্যাপার নয়। প্রদেশ সভাপতির ওকে বোঝানো উচিত। সুযোগ থাকলে আমিও বোঝাব।"

ANADABAZAR PATRIKA

19 JAN 2005

THE STATESMAN

17 JAN 2005

Jharkhand Congress in 'self-defeating mode'

Statesman News Service

NEW DELHI, Jan. 16. — Congress leaders in Delhi feel the party's poll prospects in Jharkhand are in a mess. A senior Congress leader said the party was in "self defeating mode", especially after the selection of party nominees for 32 seats that it would contest in alliance with the JMM.

"We have not learnt lessons from Maharashtra where the party lost many seats because of wrong choice of candidates," he said. In the list finalised for the state, candidates for at least a dozen seats have been chosen in utter disregard to the winning prospects of the nominees. The screening committee for Jharkhand, headed by Mrs Mohsina Kidwai, failed to assert itself in changing the panel.

In Hazaribagh, the Congress nominee is Mr Mahesh Singh who had lost two Assembly elections from Mandu constituency and yet was given the ticket from Hazaribagh Assembly seat disregarding the claims of Mr Vinay Srivastava and Mr Sanjay Gupta, regarded as strong Congress leaders in the district.

In the key constituency of Ranchi, party central leaders preferred Mr Gopal Sahu, a hotelier and billionaire, as its candidate to Mr Satyendra Jaiswal, senior vice-president of the Jharkhand state Congress committee who stood by the party even during the post-Emergency splits. Mr Sahu joined the Congress only two years ago and was a contender for the Lok Sabha seat that went finally to Mr Subodh Kant Sahay after Mrs Sonia Gandhi intervened. This time, however, Mr Sahay failed to assert himself in the selection process which was dominated by Mrs Sushila Kerketta, the PCC president, Mr Rajendra Singh, the CLP leader and Mr RPN Singh, central observer for Jharkhand.

In Hatia, falling under Ranchi Lok Sabha seat, Mrs Pratibha Pandey was given a ticket for the second time even after she had lost the 2000 Assembly elections from Ranchi, in preference to Mr PN Singh.

In Jamshedpur (West), Mr Rajni Singh, a grassroots worker was rejected and the party leadership chose Mr RB Singh, a local businessman. Mr Upendra Singh too failed to get nomination for Dhanbad. The seat went to Mr Ajay Dubey who is related to the Congress MP from Dhanbad. The central leadership nominated Mr Suresh Singh from Jharia Assembly seat. Mr I Ansari — a three-time loser from Gomia, was rewarded with the Congress ticket and shifted to Bokaro. Reacting to the Congress list for Jharkhand, BJP leader and former Union minister Mr Yashwant Sinha told The Statesman that going by the choice of candidates of the Congress, the BJP would benefit and win a dozen seats more than expected.

LJP-AJSU tie-up

RANCHI, Jan. 16. — All Jharkhand Students Union today clinched an alliance with Lok Janshakti Party for next month's Assembly polls in Jharkhand. LJP will contest 38 seats and AJSU 43 of the total 81 seats in the state. — PTI

It's all in the family...

RANCHI, Jan. 16. — Politicians in Jharkhand believe in making the Assembly elections a family affair. Four Congress MPs have managed to procure tickets for their sons. They include state Congress president and Khunti MP Mrs Sushila Karketta, whose son Mr Roshan Surin will be contesting from Khunti Assembly seat; Godda MP Mr Furkan Ansari' son Dr Irfan Ansari who will contest from Jamtara; and Chaibasa MP and former Deputy Speaker Mr Bagun Sumbrai's son Mr Vima alias Hitler Sumbrai who will contest from Chaibasa. Dhanbad MP, Mr Chandrashekhar Dubey's son Mr Ajay Dubey will be contesting from Vishrampur.

On the other hand JMM chief Mr Sibu Soren's son Durga is already an MLA and now his other sons, Hemant and Basant, are also keen on contesting the polls. JMM MP from Giridih Mr Teklal Mahto's son Mr Ravi Prakash Bhai Patel will contest the polls from Mandu.

The RJD has also decided to do its own bit in promoting families in politics. Palamau MP Mr Manoj Kumar's wife will contest from Chatarpur held earlier by her husband. Some politicians have, however, failed to promote their kin. Union minister for state Mr Subodh Kant Sahay failed to get a ticket for his wife Rekha and brother Sunil. Chief minister Mr Arjun Munda also failed to get a ticket for his wife Meera, while former chief minister Mr Babulal Marandi's efforts to get his associate Ms Manju Rai also went in vain. — SNS

Congress seeks seat adjustments with JMM

By K.V. Prasad

NEW DELHI, JAN.16. Leaders of the Congress and the Jharkhand Mukti Morcha today discussed the possibility of an adjustment of seats allocated to each other, with the former having put forward a claim on a few constituencies that went the JMM way under the poll pact.

The Congress leader, Harikesh Bahadur, in charge of party affairs in Bihar and Jharkhand, met the JMM chief, Shibu Soren, to sort out the tangle. The Congress has sought a change in the allocation of some seats, including Raj Mahal that has gone to the JMM.

For instance, the Congress has found that the party polled over 40,000 votes in the Raj Mahal Assembly segment during the 2004 Lok Sabha elections even though the JMM's Hemlal Murmu won the Raj Mahal Lok Sabha seat defeating the Congress' Thomas Hansda. The results show that in the Assembly segment, Mr. Murmu polled 17,000-odd votes as against Mr. Hansda's 58,000 votes.

"The JMM leader has heard our case and promised to get back after consulting his party leaders," Mr. Bahadur said adding that the overall allocation remained undisturbed. As per the pact for the 81-member Assembly, the JMM would contest 35 seats, the Congress 33, and the remaining 14 were allocated to the Rashtriya Janata Dal and Left parties.

Of the 33 seats, the Congress has a share of six seats in the 24 constituencies that go to the polls in the first phase on February 6. The Congress has decided to field the sitting Barhi MLA, Manoj Kumar Yadav, Yogendra Sahu (Hazaribagh), Sanjay Paswan (Chatra-SC), K.N. Tripathi (Daltonganj), Anand Pratap Dev (Bhawnathpur) and Ajay Dubey (Bishrampur).

Rejected

The RJD, the Communist Party of India (Marxist) and the CPI, have rejected the seat allocation made by the Congress-JMM and have decided to contest more seats.

The CPI(M) has been allocated 8 seats by the RJD including two in the first phase, Chatra and Bhawnathpur.

Besides taking on the Congress in these seats, the party would be in contest in Pakur and Silli that is in the Congress quota and Maheshpur, Bhagargora, Gomia and Panki, which are with the JMM. The party polit bureau member, Sitaram Yechury told *The Hindu* that in Bihar the party would contest three seats in the first phase — Hisua, Buxar and Kahalgaon. Further discussions with the RJD for the remaining two phases would be held after January 19, he said.

Meanwhile, the All India Forward Bloc has decided to contest independently in Jharkhand.

The party will contest 19 seats in Jharkhand and 21 in Bihar in alliance with the CPI (Marxist-Leninist-Liberation).

THE HINDU 17 JAN 2005

RJD bid to contain Congress

Lalu plans to rope in strong Independents

Saroj Nagi & Mayank S. Singh
New Delhi/Patna, January 15

BIHAR AND Jharkhand are fast turning into political chessboards with the RJD and Congress out to prove a point.

The Congress, which plans to contest about 80 seats on its own, believes the ground situation has changed in its favour following its ascension to power at the Centre, the upper castes' disenchantment with the BJP and growing anti-incumbency against the RJD.

The party has deputed AICC secretaries B.K. Hari Prasad, Ranji Thomas, Manish Tiwari and Ajay Maken to oversee poll preparations in Bihar. For Jharkhand, Imran Kidwai and RPN Singh have been deputed.

The RJD, which is of the opinion that the Congress can't win without its support, would go all out to underline this fact. In some seats though, the Congress' ability to divide upper caste and anti-Lalu votes may help the RJD.

Sources say RJD chief Lalu Prasad Yadav may field a number of "strong" Independents who can wrest seats where the Congress puts up candidates. This would help him achieve two objectives: Create a pool of Independents who can back him should he need them and ensure that the Congress is not in a position to call the shots in Bihar and continues to remain an RJD appendage. The RJD has reportedly begun identifying such independents in Jharkhand.

In Patna, meanwhile, all political parties are keeping their options open, and their plans under wraps. While the RJD, Congress and LJP deferred the release of the candidates' lists, it appears a "secret understanding" is on between the latter two. The JD(U) also hinted at a clandestine deal with the LJP.

Talks between the RJD, CPI(M) and NCP remained deadlocked till yesterday amid the possibility of friendly fights, as the CPI(M) said it would contest 14 seats with the RJD and Congress. RJD leader Raghuvansh Prasad Singh said the Left was trying to impress on the Congress to be "reasonable" and not insist on too many seats for the common good of secular parties.

In a bid to placate Congress, Lalu said his party would not field candidates in the 14 seats where the Congress has sitting MLAs. The party has not officially released any names. LJP chief Ram Vilas Paswan also said he wouldn't put up candidates where the Congress is contesting. The party's list has been held back as Paswan is waiting for the Congress list to come out. Meanwhile, the Janata Dal-United has released its list of 28 candidates.



PTI

RJD chief Lalu Prasad Yadav with CPI(M) leader Sitaram Yechuri at his residence in Patna on Saturday.

প্রণবের মতে অধীর দলের সম্পদ, প্রিয়ও দ্বন্দ্ব মেটাতে উদ্যোগী

স্টাফ রিপোর্টার, কলকাতা ও নয়াদিল্লি: সোমেন মিত্র নয়, বরং তাঁরা যে অধীর চৌধুরীর দিকেই রয়েছেন, তা বুঝিয়ে দিয়ে প্রদেশ কংগ্রেসের গোষ্ঠী-দ্বন্দ্ব মেটাতে উদ্যোগী হচ্ছেন প্রণব মুখোপাধ্যায় ও প্রিয়রঞ্জন দাশমুন্সি। চলতি সপ্তাহেই বৈঠকে বসছেন দলের এই দুই শীর্ষ নেতা। শুক্রবার প্রিয়বাবু জানান, পশ্চিমবঙ্গে কংগ্রেসের সাংগঠনিক সমস্যা মেটাতে প্রণববাবুর সঙ্গে আলোচনা করেই তিনি একটি সমাধানসূত্র বার করতে চান। তাঁর কথায়, "মুর্শিদাবাদ নিয়ে প্রদেশ কংগ্রেসে যে-পরিস্থিতির সৃষ্টি হয়েছে, তা লজ্জার ও দুঃখের। দ্রুত এই পরিস্থিতির অবসান হওয়া উচিত।"

অধীরবাবুকে দলের 'সম্পদ' বলে অভিহিত করে প্রণববাবুও সরাসরি বলেন, "এখন যা চলছে, তা দলের পক্ষে ক্ষতিকর। বহু দিন পরে কংগ্রেস রাজ্যে কর্তৃত্ব প্রতিষ্ঠার জায়গায় এসেছে। সকলে মিলে সেটাকে ধরে রাখতে হবে।"

গত লোকসভা নির্বাচনের পর থেকেই মুর্শিদাবাদ নিয়ে দলের দুই গোষ্ঠীর মধ্যে সংঘাত শুরু হয়েছিল। বিষয়টি জেলা ছাড়িয়ে প্রদেশ কংগ্রেসের অভ্যন্তরেও ঢুকে পড়ে। এক দিকে ছিলেন সাংসদ অধীরবাবু ও তাঁর অনুগামীরা। বিপক্ষ শিবিরে ছিলেন বিধানসভায় কংগ্রেসের পরিষদীয় দলনেতা অতীশ সিংহ ও তাঁর অনুগামীরা।

অধীরবাবুর দিকে দুই কেন্দ্রীয় মন্ত্রী প্রণববাবু ও প্রিয়বাবুর প্রচ্ছন্ন সমর্থন যেমন ছিল, তেমনই সোমেন মিত্রেরা ছিলেন অতীশবাবুদের দিকে। এই বিরোধ থেকে কর্মীদের দৃষ্টি ঘোরাতে রবীন্দ্র সরোবরে দলীয় কর্মিসভায় প্রধানমন্ত্রী মনমোহন সিংহ আসার আগে প্রদেশ কংগ্রেসের সহ-সভাপতি প্রদীপ ভট্টাচার্য মঞ্চে অতীশবাবুকে বসিয়ে অধীরবাবুকে বক্তৃতা দিতে ডেকেছিলেন। প্রদীপবাবু বলেছেন, "দুই নেতাকে এক সঙ্গে মঞ্চে তুলে আমি একটা ঐক্যের ছবি কর্মীদের সামনে তুলে ধরতে চেয়েছিলাম।" কিন্তু ঐক্য দূর অস্ত। বক্তৃতা দিতে গিয়ে তাঁর বিরোধী শিবিরকে তুলোধোনা করেন অধীরবাবু। আর তার পরেই প্রকট হয়ে ওঠে রাজ্য কংগ্রেসের গোষ্ঠী-দ্বন্দ্ব।

এই পরিস্থিতিতে প্রিয়বাবুরা যে অধীরবাবুর পক্ষেই, তা এ দিন তাঁদের বক্তব্যেই স্পষ্ট। প্রণববাবুর মতো প্রিয়বাবুও বলেন, "অধীর জেলা কংগ্রেসের ক্ষেত্রে যে-ভাবে নেতৃত্ব দিয়েছেন, সেই পথ যদি সব জেলা অনুসরণ করে, তা হলে রাজ্যে কংগ্রেসের ভবিষ্যৎ উজ্জ্বল হতে বাধ্য।" অধীরবাবু যেমন রবীন্দ্র সরোবরে নাম না-করে বিপক্ষ শিবিরকে আক্রমণ করেছিলেন, এ দিন প্রিয়বাবুও সে-ভাবে বলেন, "মুর্শিদাবাদে অধীরের বিরোধিতা যাঁরা করছেন তাঁরা যে শুধু কংগ্রেসের ভাবমূর্তিকে দুর্বল করেছেন তা-ই নয়, একটা শক্ত ভিতের উপরে সংগঠনকে দাঁড় করানো দলীয় কর্মীদের আত্মবিশ্বাসেও আঘাত করেছেন।"

এই প্রসঙ্গে প্রিয়বাবু, এমনকী অধীরবাবু ও সোমেনবাবুর ঘনিষ্ঠ বলে পরিচিত শঙ্কর সিংহের মতো নেতারা জানিয়েছেন, কলকাতা পুরসভার আসন্ন নির্বাচন ও আগামী লোকসভা নির্বাচনের কথা মাথায় রেখে বিরোধী ভোটকে একত্র করার কাজে মনোনিবেশ প্রয়োজন। দরকার গোষ্ঠী-কোন্দল মেটানো। এই নেতাদের ব্যাখ্যায়, বিরোধী ভোটকে একত্র করা বলতে প্রিয়বাবুরা বোঝাতে চেয়েছেন তৃণমূলের সঙ্গে সমঝোতায় আসাকেই। রবীন্দ্র সরোবরে প্রকাশ্যে প্রিয়বাবু জানিয়েও দিয়েছেন, ২০০৬ সালের বিধানসভা নির্বাচনের আগে বি জে পি-কে বাদ দিয়ে বামফ্রন্টের বিরুদ্ধে সমস্ত প্রগতিশীল শক্তি এক হবে।

রাজনৈতিক মহলের ধারণা, কংগ্রেস নেতৃত্বের সর্বোচ্চ স্তর থেকেই তৃণমূলের সঙ্গে একটা সমঝোতার রাস্তা খোলা রাখার ব্যাপারে আগ্রহ প্রকাশ করা হয়েছে। দলনেত্রী সনিয়া গাঁধীও পছন্দ করেন তৃণমূল নেত্রীকে। এদিকে মূলত সোমেন মিত্রের মতো নেতাদের সঙ্গেই মমতার বিরোধ। ভবিষ্যতে সমঝোতার প্রশ্নে এই বিরোধ যাতে অন্তরায় না হয়ে দাঁড়ায় সেজন্যও কংগ্রেস নেতৃত্ব সচেতন। অন্তত প্রণববাবু, প্রিয়বাবুরা তো বটেই, নদিয়ার শঙ্কর সিংহ, অজয় দে, হুগলির আব্দুল মান্নানরাও জেলা স্তরে রাজনীতি করতে গিয়ে এই সমঝোতার প্রয়োজন ইতিমধ্যেই টের পেয়েছেন।

তবে সি পি এমের সঙ্গ না-ছাড়লে তাঁরা কংগ্রেসের সঙ্গে সমঝোতায় যাবেন না, এটাই এ-পর্যন্ত তৃণমূল নেত্রীর ঘোষিত অবস্থান। অবশ্য তাঁর দলের কয়েক জন প্রথম সারির নেতা ঘনিষ্ঠ মহলে স্বীকার করেছেন, জেলা স্তরে তাঁদের দলের নিচু তলার কর্মীরাও কিন্তু প্রয়োজনের তাগিদে এই সমঝোতার পক্ষপাতী।

ANADABAZAR PATRIKA

15 JAN 2005

Congress to go it alone in Bihar

But tacit accord with allies

By K.V. Prasad & Javed M. Ansari

NEW DELHI, JAN. 13. The Congress unhinged itself from the Rashtriya Janata Dal in Bihar today by deciding to contest 80 of the 243 seats in the Assembly elections. But there is a tacit agreement that the allies and the supporting parties in the United Progressive Alliance (UPA) would refrain from pitching their candidates against one another in the seats they hold in the outgoing Assembly.

The seat-sharing talks between the UPA allies and the supporting Left parties broke down as both the RJD and the Congress stuck to their position. That the Congress had made up its mind to go ahead and test its strength on the ground became clear by late afternoon.

It was confirmed when the decision was conveyed to the Left parties which have decided to rally behind the RJD.

The Congress president, Sonia Gandhi, met the Communist Party of India (Marxist) Polit Bureau member, Sitaram Yechury, this evening and communicated the party's decision to go ahead with its plans. The meeting was preceded by hectic rounds of consultations within the Congress top leadership that has already been under pressure from the State unit to carve out an independent approach. As a measure of its newfound approach, the Congress election committee that met this evening is understood to have cleared 22 names for the Assembly seats at its first meeting.

The Congress is understood to have told its UPA allies and supporting parties that while the electoral battle in Bihar is an open turf, the situation at the Centre remains unperturbed. The assertion assumes significance in view of the fact that the Lok Janshakti Party of Ram Vilas Paswan has already snapped its ties with the RJD.

Mr. Paswan, Union Minister for Chemicals and Fertilizers, has been told that the Congress is likely to leave five to six seats for his party that would not be contested by the allies, top Congress sources told *The Hindu* .

The Congress plan is to ascertain its strength in Bihar and, at the same time, not to ruffle the feathers in the UPA nest. The broad agreement that appears to have emerged is that out of the 243 seats 131 are undisputable, while it would be "free for all" for the rest of the 112 seats.

RJD unperturbed

The RJD, however, did not appear perturbed over the Congress decision. Senior leaders told *The Hindu* that the party was not averse to the idea of some "friendly" contests with the Congress. "It will actually work to the advantage of both parties," said a RJD Minister.

The RJD believes that the Congress, given its support base, will put up mostly upper caste candidates, thereby dividing the votes that would invariably go to its rivals.

"Most of their candidates are likely to be Bhumihars and Brahmins and this is a votebank that usually votes against us. If they contest it will cut into the Opposition parties' votes and work to our advantage," said a RJD leader.

The RJD leadership also believes that the minorities are unlikely to drift to the Congress, as their main aim is to keep out the Bharatiya Janata Party-Janata Dal (United)

"They feel totally secure with the RJD and will vote for the party that is best placed to keep the BJP out," said the RJD Minister, adding that"all of us are committed to the UPA. We are together on the basis of the Common Minimum Programme and the situation in Bihar will not have any impact on the Central Government."

THE HINDU

14 JAN 2005

দাপট সেই অধীরেরই

কর্মিসভা নিয়ে দ্বন্দ্বে দু'ভাগ রাজ্য কংগ্রেস

সঞ্জয় সিংহ

প্রদেশ কংগ্রেস নেতৃত্ব প্রধানমন্ত্রীকে কর্মিসভায় এনেছিলেন দলকে চাঙ্গা করতে। তা তো হলই না, উল্টে সেই কর্মিসভাকে ঘিরে রাজ্য কংগ্রেস এখন স্পষ্টতই দুই শিবিরে বিভক্ত। এক দিকে রাজ্য কংগ্রেসের প্রাক্তন সভাপতি সোমেন মিত্র এবং তাঁর ঘনিষ্ঠ অনুগামীরা। অন্য দিকে দাপাচ্ছেন মুর্শিদাবাদের শক্তিশালী নেতা ও সাংসদ অধীর চৌধুরী। মাথার উপরে দুই কেন্দ্রীয় মন্ত্রী, প্রণব মুখোপাধ্যায় ও প্রিয়রঞ্জন দাশমুন্সি থাকলেও তাঁদের প্রচ্ছন্ন সমর্থন অধীরবাবুর দিকে।

মঙ্গলবার রবীন্দ্র সরোবরে আয়োজিত কর্মিসভায় অধীরবাবু যে-ভাবে নাম না-করে বিপক্ষ শিবিরকে আক্রমণ করেছিলেন, তার ধাক্কা সোমেন-শিবির এখনও কাটিয়ে উঠতে পারেনি। তার পর থেকেই সোমেনবাবুর লোকজন বলতে শুরু করেছেন, "অধীর এত জোর পেল কোথা থেকে? আমরা জানি না! এর পিছনে প্রিয়রঞ্জনদের উস্কানি আছে।" সোমেনবাবুর এক ঘনিষ্ঠ নেতা তো বলেই বসেছেন, "প্রণবদাও অধীরকে প্রচ্ছন্ন প্রশ্রয় দিচ্ছেন।"

দুই কেন্দ্রীয় নেতার সমর্থন পেয়েই যে সোমেন-শিবিরের আয়োজিত কর্মিসভার মঞ্চকে কাজে লাগিয়ে অধীরবাবু তাদের আক্রমণ করে গেলেন, সেটা বুঝতে পেরে এখন তারা কিছুটা কোণঠাসা। কয়েক মাস ধরে মুর্শিদাবাদে অধীরবাবুর নিয়ন্ত্রণ কিছুটা হলেও আলগা করার চেষ্টায় অতীশ সিংহ প্রমুখের নেতৃত্বে আদাজল খেয়ে নেমেছে ওই শিবির। তার জেরে বহরমপুরের রাস্তায় অধীর-বিরোধী মিছিল, বহরমপুর পুর বোর্ডে অধীরবাবুর লোকজনের বিরুদ্ধে অনাস্থা-প্রস্তাব আনা, ভাগীরথী ডেয়ারি পরিচালন সমিতির নির্বাচনে প্রবল গণ্ডগোল হয়েছে। দলে এ ভাবে পরপর বিরোধিতার মুখে পড়ে অধীরবাবু নিজের জেলাতেই কিছুটা আত্মরক্ষায় ব্যস্ত। তাই তিনিই যে কলকাতায় এসে তাদের এ ভাবে পাল্টা আক্রমণ করবেন, সেটা আঁচ করতে পারেনি সোমেন-শিবির।

এই অবস্থায় প্রধানমন্ত্রী চলে যাওয়ার ২৪ ঘণ্টা পরে প্রদেশ কংগ্রেস কার্যত দুই শিবিরে বিভক্ত। অথচ লোকসভার নির্বাচনে এ রাজ্যে সাফল্যের পরে গত ছ'মাস ধরে লালমোহন ভট্টাচার্য রোডের বিধান ভবন গমগম করছিল। যে-ভাবে কংগ্রেস-শিবিরের কোন্দল প্রকাশ্যে উঠে আসে, এখন সে-ভাবেই শুরু হয়েছে দোষারোপের পালা। একদা সোমেন-ঘনিষ্ঠ আব্দুল মান্নানের মতো বিধায়কেরাও প্রকাশ্যে মুখ খুলেছেন। মান্নান ক্ষোভ প্রকাশ করে বলেছেন, "প্রধানমন্ত্রীকে স্বাগত জানাতে বিমানবন্দরে কারা গিয়েছিলেন? আমাদের বলা তো দূরে থাক, জ্ঞানসিংহ সোহন পালের মতো প্রবীণ কাউকে সোমেনদারা ডাকেননি। হয়তো আমরা সেই সব নেতার মতো প্রাতঃস্মরণীয় নই। তবে ভবিষ্যতে যাতে ডাক পাই, সেই জন্য ওই সব নেতাকে অনুসরণ করব।"

প্রদেশ যুব কংগ্রেসের সভাপতি এবং প্রিয়বাবুর ঘনিষ্ঠ অমিতাভ চক্রবর্তী বলেন, "আমি রাগে, প্রতিবাদে বিমানবন্দরে যাইনি। দলে টাকা খরচ করলেই কি নেতা হওয়া যায় নাকি? ভোম্বলা কবে নেতা হল? সে-ও চলে গেল প্রধানমন্ত্রীকে স্বাগত জানাতে। আশ্চর্য!" সোমেন-ঘনিষ্ঠ প্রদেশ কংগ্রেসের অন্যতম সম্পাদক বাদল ভট্টাচার্য অবশ্য এই সব অভিযোগকে আমল দিতে রাজি নন। তিনি বললেন, "মান্নান তো বিমানবন্দরে যাওয়ার বিষয়ে আমায় কিছু বলেনি। ওর অভিযোগ ছিল কার্ড পায়নি বলে। তা, আমি তো ওকে বলেছিলাম, কার্ড পাঠিয়ে দিচ্ছি। কোথায়, ক'টা কার্ড পাঠাতে হবে বলো। মান্নান কিছুই বলল না। কর্মিসভাতেও আসেনি।" তবে যে-সব নেতা বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানাতে গিয়েছিলেন, তাঁদের নিয়ে সমালোচনা শুরু হওয়ায় তাঁর দিল্লি ফেরার সময় সেই নেতাদের বাদ দেওয়া হয়। বাদলবাবু তা স্বীকারও করেছেন। কার্ড বিলির বিষয়টি প্রণববাবুর কানেও পৌঁছেছে। প্রিয়বাবুর ঘনিষ্ঠ মহল সূত্রে বলা হয়েছে, প্রণববাবু বিরক্ত।

অন্য দিকে, সোমেন-শিবিরের প্রশ্ন, রবীন্দ্র সরোবরে অধীরবাবুকে বলতে দেওয়া হল কেন? সোমেনবাবু এই ব্যাপারে প্রকাশ্যে কোনও মন্তব্য করতে না-চাইলেও ঘনিষ্ঠদের কাছে ক্ষোভ প্রকাশ করেছেন। তার উপরে কাটা ঘায়ে নুনের ছিটের মতো অধীরবাবু বক্তৃতা দিয়ে নামার পরেই সোমেনবাবুকে সবার সামনেই বলেছিলেন, "কী সোমেনদা, ভাল আছেন তো?" রাগে গরগর করতে করতে সোমেনবাবু তাঁকে কোনও রকমে বলেছিলেন, "হ্যাঁ, ভালই আছি।"

এরই মধ্যে অমিতাভবাবুরা প্রিয়বাবু, অধীরবাবুদের নিয়ে ২৮ জানুয়ারি দুর্গাপুরে রাজনৈতিক সম্মেলন করার সিদ্ধান্ত নিয়েছেন। তাতে সোমেনবাবুদের ডাকা হবে না বলে জানিয়েছেন অমিতাভবাবু। ডাকা হচ্ছে নদিয়ার শঙ্কর সিংহকে।

● মনমোহনের আহ্বানে তৃণমূলে জোর উদ্দীপনা...পৃঃ ৪

ANADABAZAR PATRIKA

14 JAN 2005

Come back, PM tells Mamata

By Malabika Bhattacharya

KOLKATA, JAN. 12. "Mamata, we miss you," the Prime Minister, Manmohan Singh, told the Trinamool Congress leader, Mamata Banerjee here today.

"He told me to return to the Congress and join the Cabinet," an emotional Ms. Banerjee told the media at the Raj Bhavan. " The Prime Minister said it would solve all the problems," she claimed.

Dr. Singh made the offer when Ms.Banerjee, along with a Trinamool delegation, met him and handed over a cheque for Rs. 3.25 lakhs as relief to the tsunami victims.

The amount comprises part of the sale proceeds from the auction of her paintings.

When the Prime Minister came out with the offer, Ms. Banerjee said, she was speechless. "Not once; he uttered those words 'missing you' at least four times," she claimed.

The Defence Minister, Pranab Mukherjee, who was sitting next to Dr. Singh, was enjoying every bit of it, said Sultan Ahmed, a member of the delegation.

THE HINDU

13 JAN 2005

সোমেনের মধ্যস্থতা প্রত্যাখ্যান অধীরের

অনিন্দ্য জানা

বহরমপুর পুরসভায় অনাস্থা ভোট দিন সাতেক পিছনোর ব্যাপারে সোমেন মিত্রের প্রস্তাব প্রত্যাখ্যান করলেন অধীর চৌধুরী। ওই প্রস্তাব এসেছিল প্রদেশ কংগ্রেস সভাপতি প্রণব মুখোপাধ্যায়ের মাধ্যমে।

বহরমপুর পুরসভায় অধীরপন্থী পুরপ্রধান নীলরতন আঢ্যকে হঠাতে অতীশপন্থীরা এক জোট হওয়ায় দু'পক্ষই এখন সম্মুখ সমরে। আজ, সোমবার পুরসভায় অনাস্থা নিয়ে ভোটাভুটি। পুরসভার ২৩টি আসনের ২৩ জন কংগ্রেস কাউন্সিলর আড়াআড়ি দু'ভাগে বিভক্ত। ইতিমধ্যেই ১২ জন সই করেছেন অনাস্থার পক্ষে। পুরপ্রধানকে নিয়ে অধীরপন্থীরা এখন ১১। এই হিসাব বজায় থাকলে বহরমপুরের সাংসদ অধীর চৌধুরীর নিরঙ্কুশ একাধিপত্য কমবে। প্রশ্ন উঠবে জেলা কংগ্রেসে তাঁর নেতৃত্ব নিয়েও।

এই পরিস্থিতিতে জেলা রাজনীতির রাশ নিজের হাতে রাখতে পাল্টা বিদ্রোহের হুমকি দিলেন অধীর। কংগ্রেস সূত্রের খবর, শনিবার রাতে প্রণববাবুকে টেলিফোনে অধীর বলেছেন, বিক্ষুব্ধদের দল থেকে বহিষ্কার না-করা হলে প্রণববাবুর নির্বাচন ক্ষেত্র জঙ্গিপুরে সমস্ত পদ থেকে সরে দাঁড়াবেন কংগ্রেসের পদাধিকারীরা। পদত্যাগ করবেন জঙ্গিপুর লোকসভা এলাকার দুই কংগ্রেস বিধায়কও। মুর্শিদাবাদের সাত কংগ্রেস বিধায়কের মধ্যে জঙ্গিপুর লোকসভার অন্তর্গত অরঙ্গাবাদের বিধায়ক হুমায়ুন রেজা ও ফরাক্কার মইনুল হক এখন অধীর শিবিরে।

উত্তপ্ত বহরমপুর

অধীরের হুমকির পরে প্রণববাবু প্রাক্তন প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্রকে বলেন, দিল্লি অধীরকে ঘিরে এই গোষ্ঠীদ্বন্দ্বের বিষয়টি জানে। হাইকমান্ড এই ঘটনায় অত্যন্ত বিরক্ত। দিল্লি যে অধীর-বিরোধী জোটকে ভাল চোখে দেখছে না, সে কথাও প্রণববাবু বলেন। তিনি এ-ও বলেন, মঙ্গলবার কলকাতায় আসছেন প্রধানমন্ত্রী মনমোহন সিংহ। তিনি শহরে

এর পর ছয়ের পাতায়

ANADABAZAR PATRIKA

10 JAN 2005

Sonia plays Soren card

OUR BUREAU

New Delhi/ Ranchi, Jan. 7: Rashtriya Janata Dal and the Left parties cried foul today and rejected the "seat-sharing formula" for Jharkhand worked out by the JMM and the Congress as "unacceptable".

Accusing the JMM and the Congress of playing the "big brother", the RJD and the Left leaders wondered why they were left out of negotiations after Shibu Soren announced in New Delhi that the JMM and the Congress had agreed to put up candidates in 68 of the 81 Assembly constituencies in the state.

The JMM will put up candidates in 35 constituencies, only two more than the Congress. According to Congress sources, of the remaining 13 seats, nine seats would go to the RJD and two to the CPI. Two more seats are kept open and indications are that they could be allocated to the RJD to accommodate four sitting legislators, who have joined that party from the ruling JD(U).

"Though the Congress might have numerically conceded a majority of seats to the JMM, we will still lead the political battle against communal forces. In that sense, the Congress is still the senior partner," said Congress leader and Union minister Subodh Kant Sahay. He expressed satisfaction that Soren, the JMM chief acknowledged Sonia's overall leadership for the alliance in the Assembly polls. The announcement also caught JMM cadres by surprise. The party, which believes it is certain to wrest power in Jharkhand, was pitching for the lion's share of seats.

To their disappointment, Soren appeared to succumb to pressure and conceded far too many seats to the Congress.

Soren also shocked supporters by announcing that Sonia would decide on the next chief minister in the event of the alliance securing a majority. Till now, his public stand was that by virtue of its long struggle for a separate state, JMM deserved the chief minister's chair and there could be no compromise on it.

The understanding is that if perchance the Congress manages to win more seats than the JMM, the latter would not come in the way of Congress projecting its own candidate as the chief minister.

The Congress appeared to have the satisfaction of not just getting the better of JMM in negotiations, but also putting the RJD on the backfoot. The party appears to be paying back Laloo Prasad Yadav for not conceding much ground to the Congress in Bihar.

THE TELEGRAPH 8 JAN 2005

কংগ্রেস-জেএমএম রফা ঝাড়খণ্ডে

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ৭ জানুয়ারি: লালুপ্রসাদ যাদবের দাবি অগ্রাহ্য করেই আজ ঝাড়খণ্ডে আসন সমঝোতা সেরে ফেললেন সনিয়া গাঁধী ও শিবু সোরেন। সমঝোতা অনুসারে ঝাড়খন্ড মুক্তি মোর্চাই জোটের বড় শরিক। তাদের ভাগে পড়েছে ৩৫টি আসন। কংগ্রেস লড়বে ৩৩টি আসনে। লালু ও বামেদের জন্য রয়েছে ১৩টি আসন, যা তাঁদের চাহিদার থেকে ঢের কম। লালুর আরজেডি ২০টি ও বামেরা ১০টি আসন দাবি করেছিল।

তবে জোট ক্ষমতায় এলে মুখ্যমন্ত্রী কে হবেন, তা অবশ্য জানানো হয়নি। ঝাড়খণ্ডের দায়িত্বে থাকা মানবসম্পদ উন্নয়নমন্ত্রী অর্জুন সিংহ বলেন, ভোটের পরে সনিয়াই সিদ্ধান্ত নেবেন। সনিয়া-শিবুর এই আসনা ভাগাভাগি থেকে স্পষ্ট, তাঁরা লালুকে চাপে রাখতে চান। কারণ, বিহারে কংগ্রেসকে দাবি মতো আসন দিতে লালু রাজি নন। ঝাড়খণ্ডে আসন ভাগাভাগি দেখিয়ে কংগ্রেস লালুকে নরম করতে চায়।

গত বার লালুর দল ঝাড়খণ্ডে ৯টি কেন্দ্রে জিতেছিল। সম্প্রতি চারজন বিধায়ক জেডিইউ ছেড়ে আরজেডি-তে যোগ দিয়েছেন। স্বাভাবিক ভাবেই তাঁদের প্রার্থী করার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। ফলে, আরজেডি-তে এখন বর্তমান বিধায়কের সংখ্যা ১৩। তিনজন সিপিআই প্রার্থীও গত বার জিতেছিলেন। শরিকদের আসন দেওয়া হয়েছে ১৩টি, আর বর্তমান বিধায়কই আছেন ১৬ জন। পরিস্থিতি কী ভাবে সামলাবেন, তা নিয়ে লালুপ্রসাদকে নিশ্চিত ভাবে উদ্বেগে থাকতে হবে।

বিহারে কংগ্রেসকে কুড়ি-পঁচিশটির বেশি আসন ছাড়তে লালু নারাজ, তাই ঝাড়খণ্ডেও আরজেডি-র দাবিতে কান দেওয়া হয়নি। জানিয়ে দেওয়া হয়েছে, এর বেশি আসন ছাড়া সম্ভব নয়। নারাজ হলেও এটা মেনে নিতে হবে আরজেডিকে। না হলে বিহারে কংগ্রেসকে বেশি আসন ছাড়তে হবে।

লালুর দলের ১৩ বিধায়কের সঙ্গে জেডিইউর তিন বিধায়কের যোগদানের প্রসঙ্গ তুললে জোটের বড় শরিক শিবু সোরেনের মন্তব্য, "এটা তো আরজেডি ও জেডিইউর সমস্যা।" অর্জুন সিংহের বক্তব্য, "ঝাড়খণ্ডে সাম্প্রদায়িক শক্তিকে হারানোটাই বড় কথা। তাই এই আসন বাটোয়ারা মেনে নিতে হবে।" লালুর পাশাপাশি ক্ষুব্ধ বামেরাও। ঝাড়খণ্ডে লালু-বামেদের ১৩টি আসন ছাড়ায় উষ্মা প্রকাশ করেছেন সিপিএম পলিটব্যুরো সদস্য সীতারাম ইয়েচুরি।

লালুর ক্ষেত্রে ঝাড়খণ্ডে বেশি আসন পাওয়ার একটি পথই রয়েছে। তা হল, বিহারে সনিয়ার দলকে আরও বেশি আসন ছাড়তে হবে। যেমন হয়েছে বিজেপি-র ক্ষেত্রে। বিজেপি এ বার বিহারে গত বারের থেকে গোটা ৪০ বেশি আসন চেয়েছিল। জেডিইউ বিজেপি-কে অতগুলি আসন ছাড়তে রাজি হয়নি। তারা আদতে বিজেপি-কে গোটা ২০ আসন বেশি ছেড়েছে। বিনিময়ে তারা ঝাড়খণ্ডে আরও ৬টি আসন বেশি পেয়েছে।

8 JAN 2005

ANADABAZAR PATRIKA

8 JAN